

তারিখ
পৃষ্ঠা

মাগুরা সরকারী মহিলা কলেজের ৪১ শতাংশ জমি বেহাত

সংবাদদাতা, মাগুরা ॥ মাগুরা জেলা সরকারী মহিলা কলেজের ৪১ শতাংশ জমি বেহাত হয়ে যাওয়ায় কলেজের উন্নয়ন কার্যক্রম ব্যাহত হচ্ছে। অভিযোগ রয়েছে উক্ত জমিতে একটি কিডার গার্টেন গড়ে ওঠায় এই জটিলতার সৃষ্টি হয়েছে। একটি সূত্র জানায়, মহিলা কলেজের প্রায় সোয়া একর জমি রয়েছে-সেই জমি থেকে ৪১ শতাংশ ভূমি জেলা প্রশাসন উক্ত কিডার গার্টেনকে বরাদ্দ দিয়েছে। ফলে উক্ত স্কুল ও কলেজের মধ্যে এখন চলছে টানা পোড়েন। এতে উভয় শিক্ষা প্রতিষ্ঠানের পরিবেশ নষ্ট হচ্ছে। বর্তমানে উক্ত কলেজে ছাত্রীদের জন্য হোস্টেল এবং একাডেমিক ও প্রশাসনিক ভবন নির্মাণসহ বেশ কিছু উন্নয়নমূলক কর্মকাণ্ড চলছে। কিন্তু একটি কিডার গার্টেনকে ৪১ শতাংশ জায়গা বরাদ্দ করায় জটিলতার সূত্রপাত ঘটে। জমি খাজনা পরিশোধের যাবতীয় কাগজপত্র কলেজের পক্ষে থাকা সত্ত্বেও কিডার গার্টেনটি জেলা প্রশাসনের আশীর্বাদে জোর করে তার কার্যক্রম চালিয়ে যাচ্ছে। কলেজের অধ্যক্ষ জানান, কলেজ কর্তৃপক্ষ বেদখল হওয়া জমি পুনরুদ্ধারে জেলা প্রশাসনের কাছে দেন-দরবার করেও কোন ফল পায়নি। কলেজের কোটি টাকার সম্পত্তি যাতে বেহাত না হয় সেজন্য কর্তৃপক্ষ শিক্ষা সচিবের শরণাপন্ন হয়েছেন।